

কবিতা আবৃত্তি

বিদ্রোহী

কাজী নজরুল ইসলাম

বল বীর-

বল উন্নত মম শির!

শির নেহারি আমারি নত শির ওই শিখর হিমাধির!

বল বীর-

বল মহাবিশ্বের মহাকাশ ফাড়ি'

চন্দ্র সূর্য গ্রহ তারা ছাড়ি' ভুলোক দ্যুলোক গোলোক ভেদিয়া,
খোদার আসন 'আরশ' ছেদিয়া, উঠিয়াছি চির-বিস্ময় আমি বিশ্ব-বিধাত্রীর!

মম ললাটে রুদ্র ভগবান জ্বলে রাজ-রাজটীকা দীপ্ত জয়শ্রীর!

বল বীর-আমি চির-উন্নত শির! আমি চিরদুর্দম, দুর্বিনীত, নৃশংস মহা-প্রলয়ের আমি নটরাজ, আমি সাইক্লোন, আমি ধ্বংস!

আমি

মহাভয়, আমি অভিশাপ পৃথিব্র, আমি দুর্বীর, আমি ভেঙে করি সব চুরমার! আমি অনিয়ম উচ্ছৃঙ্খল,

আমি

দ'লে যাই যত বন্ধন, যত নিয়ম কানুন শৃঙ্খল! আমি মানি নাকো কোনো আইন,

আমি

ভরা-তরী করি ভরা-ডুবি, আমি টর্পেডো, আমি ভীম ভাসমান মাইন

আমি

ধূর্জটি, আমি এলোকেশে ঝড় অকাল-বৈশাখীর!

আমি

বিদ্রোহী, আমি বিদ্রোহী-সুত বিশ্ব-বিধাত্রীর! বল বীর-চির উন্নত মম শির!

আমি

আমি ঝঞ্ঝা, আমি ঘূর্ণি, পথ সম্মুখে যাহা পাই যাই চূর্ণি।

আমি

আমি নৃত্য পাগল ছন্দ, আপনার তালে নেচে যাই, আমি মুক্ত জীবনানন্দ।

আমি

হাস্তীর, আমি ছায়ানট, আমি হিন্দোল,

আমি

চল-চঞ্চল, ঠমকি' ছমকি' পথে যেতে যেতে চকিতে চমকি ফিং দিয়া দিই তিন দোল;

আমি

চপলা-চপল হিন্দোল।

আমি

তাই করি ভাই যখন চাহে এ মন যা,

করি শত্রুর সাথে গলাগলি, ধরি মৃত্যুর সাথে পাঞ্জা,

শুদ্ধ ভাষার পাঠশালা

বিশুদ্ধ বাংলা উচ্চারণ, উপস্থাপনা, বক্তৃতা ও আবৃত্তি প্রশিক্ষণমূলক প্রতিষ্ঠান

আলাপন : ০১৭৫৪-০৮৪০৯৮

আমি উন্মাদ, আমি ঝঞ্ঝা!
আমি আমি
মহামারী, আমি ভীতি এ ধরিত্রীর;
শাসন-ত্রাসন, সংহার আমি উষ্ণ চির-অধীর।
বল বীর-আমি চির-উন্নত শির! আমি চির দুরন্ত দুর্মদ, মাশা
আমি
দুর্গম মম প্রাণের পেয়ালা হর্দম্ হ্যায় হর্দম ভরপুর মদ।
আমি হোম শিখা, আমি সাগ্নিক জমদগ্নি, আমি যজ্ঞ, আমি পুরোহিত, আমি অগ্নি।
আমি
সৃষ্টি, আমি ধ্বংস, আমি লোকালয়, আমি শ্মশান, আমি অবসান, নিশাবসান।
আমি ইন্দ্রাণী-সুত হাতে চাঁদ ভালে সূর্য,
মম
এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণ-তুর্য;
আমি
কৃষ্ণ-কণ্ঠ, মন্থন-বিষ পিয়া ব্যথা-বারিধির!
আমি
ব্যোমকেশ, ধরি বন্ধন-হারা ধারা গঙ্গোত্রীর,
বল বীর-
চির-উন্নত মম শির!
আমি পরশুরামের কুঠোর কুঠার,
নিঃক্ষত্রিয় করিব বিশ্ব, আনিব শান্তি শান্ত উদার!
আমি হল বলরাম স্কন্ধে,
আমি
উপড়ি' ফেলিব অধীন বিশ্ব অবহেলে নব সৃষ্টির মহানন্দে মহা বিদ্রোহী রণ-ক্লান্ত
আমি সেই দিন হব শান্ত,
যবে
উৎপীড়িতের ক্রন্দন-রোল আকাশে বাতাসে ধ্বনিবে না,
অত্যাচারীর খড়গ কৃপাণ ভীম রণ-ভূমে রণিবে না-
বিদ্রোহী রণ ক্লান্ত আমি সেই দিন হব শান্ত।
বিদ্রোহী ভৃগু, ভগবান-বুকে এঁকে দিই পদ-চিহ্ন,
শ্রষ্টা-সূদন, শোক-তাপ-হানা খেয়ালী বিধির বক্ষ করিব ভিন্ন!
বিদ্রোহী ভৃগু, ভগবান-বুকে এঁকে দিই পদ-চিহ্ন! আমি খেয়ালী বিধির বক্ষ করিব ভিন্ন।
আমি আমি আমি
আমি চির-বিদ্রোহী বীর-
বিশ্ব ছাড়ায়ে উঠিয়াছি একা চির উন্নত শির।

শুদ্ধ ভাষার পাঠশালা

বিশুদ্ধ বাংলা উচ্চারণ, উপস্থাপনা, বক্তৃতা ও আবৃত্তি প্রশিক্ষণমূলক প্রতিষ্ঠান

আলাপন : ০১৭৫৪-০৮৪০৯৮